



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৬০

### রাজশাহী ওয়াসার জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা শুরু

রাজশাহী, ০৩ আশ্বিন ( ১৮ সেপ্টেম্বর ) :

রাজশাহী ওয়াসার আয়োজনে যথাযোগ্য মর্যাদায় জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা উদযাপিত হয়েছে। গতকাল রবিবার সকাল ১০টায় ওয়াসা ভবন চত্বরে সেবা ও উন্নতির দক্ষ রূপকার, উন্নয়নে-উদ্ভাবনে স্থানীয় সরকার প্রতিপাদ্যকে সামনে রেখে তিন দিনব্যাপী এই মেলার আনুষ্ঠানিকভাবে শুরু করা হয়।

রাজশাহী ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক জাকীর হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী ওয়াসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. প্রকৌশলী এম শামীম উজ্জমান বসুনিয়া, পিইজি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী ওয়াসা বোর্ডের ভাইস চেয়ারম্যান রাজশাহী মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি শাহীন আকতার রেনী।

উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন) এস. এম তুহিনুর আলম, উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রকৌশল) আল্লা হাফিজ, রাজশাহী ওয়াসা বোর্ডের সদস্য আব্দুল মোমিন ও শিবলী নোমান, প্রধান প্রকৌশলী পারভেজ মামুদ, সচিব রবমান হোসেনসহ ওয়াসার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, জনগণ মেয়রকে আন্তরিকভাবে সহযোগিতা করে আসছে। বহু বছর আগে আমি যখন রাজশাহীতে আসি তখনকার রাজশাহী ও বর্তমানের রাজশাহীর মধ্যে অনেক তফাৎ, অবকাঠামোগত ব্যাপক উন্নয়ন লক্ষ্য করা যায়।

রাজশাহী ওয়াসা বেশকিছু উন্নয়ন প্রকল্প হাতে নেওয়ায় ভবিষ্যতে পানির গুণগতমান বৃদ্ধির সাথে সাথে কিছুটা মূল্য বৃদ্ধি পাবে। তবে পানির গুণগত মান বৃদ্ধির স্বার্থে ও বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় রাজশাহী মহানগরবাসী বরাবরের মতই রাজশাহী ওয়াসাকে সহযোগিতা করবে বলে আশা করছি।

এ দিবসটি উপলক্ষে রাজশাহী ওয়াসা তিন দিনব্যাপী জাতীয় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলা আয়োজন করেছে। মেলায় উপস্থিত সেবাগ্রহীতাদের সেবাগ্রহণের জন্য অনুরোধ করেন এবং সহযোগিতা কামনা করেন।

মেলা সকাল ১০টা থেকে বেলা ৪টা পর্যন্ত চলবে এবং শেষ হবে আগামিকাল মঙ্গলবার ১৯ সেপ্টেম্বর। রাজশাহী ওয়াসার সাথে জনগণের সম্পৃক্ততা বাড়াতে এই মেলার আয়োজন করা হয়েছে। রাজশাহী ওয়াসা ৮০% এর বেশী নথি ডি-নথিতে নিষ্পত্তি করছে।

.....

তৌহিদ/সিকান্দার/হালিম/২০২৩/১৯.৩০ঘ.